# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৮৯: যে ব্যক্তি কোনো সাহাবীকে বা রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কোনো স্ত্রীকে গালি দেয়, তার শাস্তি কি?

যে ব্যক্তি কোনো সাহাবীকে বা রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কোনো স্ত্রীকে গালি দিবে, সে আল্লাহ্‌র রহমত থেকে বঞ্চিত হয়ে তাঁর ক্রোধে নিপতিত হবে। রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«مَنْ سَبَّ أَصْحَابِي فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ وَالْمَلَائِكَةِ وَالنَّاسِ أَجْمَعِينَ»

“যে ব্যক্তি আমার সাহাবীদেরকে গালি দিবে, তার উপর আল্লাহ্‌র, ফেরেশতামণ্ডলীর এবং সকল মানুষের অভিশাপ বর্ষিত হবে” (ত্বাবারানী)। সুতরাং যে ব্যক্তি কোনো সাহাবীকে বা রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কোনো স্ত্রীকে গালি দিবে, তার এহেন ন্যাক্কারজনক কর্মকাণ্ডের তীব্র প্রতিবাদ করা উচিৎ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1573

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন